দৈনিক সংবাদ

OCT. 24 1999

তারিখ ... ...OCT. 1999 ...
পৃষ্ঠা ... কলাম ...

# ক্যাম্পাসের ঘটনাবলি তদন্তে কমিটি গঠন ঃ তথ্য আহ্বান

গত ১৩ ও ১৪ই অক্টোবর ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সংঘটিত অনাকাঙ্ক্ষিত ঘটনাবলি অনুসন্ধান করে ঘটনার জন্য দায়ী ব্যক্তিদের শনাক্ত করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে সুপারিশসহ প্রতিবেদন উপস্থাপনের লক্ষ্যে সিন্ডিকেট সদস্য মোহাম্মদ আলীকে আহ্বায়ক এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ডঃ এ কে এম. নূর-উন-নবীকে সদস্য সচিব করে ১০ সদস্যবিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠিত হয়েছে।

অনুসন্ধান কাজের সুবিধার্থে সংঘটিত অনাকাঙ্ক্ষিত ঘটনাবলি সম্পর্কে কোনো তথ্য জানা থাকলে তা উল্লিখিত তদন্ত কমিটির সদস্য সচিব অথবা তদন্ত কমিটির অন্যতম সদস্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের নিকট আগামী ৩০শে অক্টোবরের মধ্যে লিখিতভাবে পেশ করার আহ্বান জানানো হয়েছে। সংবাদ বিজ্ঞপ্তি।